ইত্তেফাক

তারিখ ... ... 18/3/79 ... ... ...
পৃষ্ঠা... .. 1... ...কলাম... 1.. ...

112

# নন-গেজেটেড সরকারী কর্মচারীদের জন্য অবকাশ ভাতা

নন গেজেটেড সরকারী কর্মচারীদের অবকাশ ভাতা প্রদান করা হইবে। সরকার এতদসংক্রান্ত 'বাংলাদেশ চাকুরী বিধি' (অবকাশ ভাতা), ১৯৭৯ জারি করিয়াছেন। ইহাতে বলা হয় যে, দৈনিক মজুরীর ভিত্তিতে কর্মরত অথবা সম্ভাব্য খরচের জন্য রক্ষিত তহবিল হইতে যাহাদের বেতন দেওয়া হয় কিংবা চুক্তিরভিত্তিতে যাহাদের নিয়োগ করা হইয়াছে এমন কর্মচারী ছাড়া সকল নন-গেজেটেড অফিসার, ১৯৭৯ সালের ১লা জুলাই যাঁহাদের চাকুরীর মেয়াদ ৩ বৎসর পূর্ণ

(৮ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## নন-গেজেটেড

(১ম পৃঃ পর)

হইবে কিংবা অতিক্রান্ত হইবে তাঁহারা বিশ্রাম এবং অবকাশ যাপন ছুটির জন্য প্রতি তিন বৎসরে একবার একমাসের বেতনের সমপরিমাণ অবকাশ ভাতা লাভ করিবেন। এই অবকাশ ভাতা চাকুরী বিধির অধীনে ছুটিকালীন সময়ের জন্য প্রাপ্ত বেতনের অতিরিক্ত। খবর সরকারী তথ্য বিবরণীর।